[redacted]

[redacted]

অধ্যক্ষ গোলাম সরোয়ার।
অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আঁখি, মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, আনছার ভিডিপি কর্মকর্তা আবু সাইদ, খাদ্য কর্মকর্তা মোফাখ খাইরুল, ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান রুন্নু, নজরুল ইসলাম, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

আলমডাঙ্গায় বিয়ে না দেওয়ায় স্কুল ছাত্রের আত্নহত্যা

বিয়ে না দেওয়ায় পিতা-মাতার উপর অভিমান করে স্কুল ছাত্র ঘাস মারা বিষ পানে আত্নহত্যা করেছে।
গতকাল বুধবার নিজ বাড়িতে চিকিৎসারত অবস্থায় সে মারা যায়। নিহত স্কুল ছাত্র আলমডাঙ্গা রুইতনপুর গ্রামের রাশিদুল ইসলামের ছেলে লিখন (১৭)।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের রুইতনপুর গ্রামের রাশিদুল ইসলামের ছেলে লিখন বিয়ের জন্য প্রস্তাব দেয় তার পিতা মাতার কাছে।
লিখনের পিতা-মাতা বিয়ে দিতে রাজি না হওয়ায় তাকে গালিগালাজ দেয়। বিয়ে না দেওয়ার অভিমান গত ১৫ মার্চ দুপুর ১২ টার দিকে বাড়ির পাশের মাঠের মধ্যে ঘাস মারা বিষ পান করে।
পরিবারের লোকজন লিখনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসা শেষে ৪ দিন পর বাড়িতে পাঠিয়ে দেয়। লিখন বাড়িতে চিকিৎসারত অবস্থায় দুপুর ১১ টার দিকে মারা যায়।

এ ঘটনায় লিখনের বড় ভাই বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করে।

টাঙ্গাইল কালচারাল অফিসার হত্যার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

টাঙ্গাইল জেলা শিল্পকলা একাডেমীর কালচারাল অফিসার খন্দকার রেদওয়ানা ইসলামের হত্যার প্রতিবাদ ও জড়িতদের শাস্তির দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
গতকাল বুধবার সকালে ঝিনাইদহ শিল্পকলা একাডেমীর সামনে এ কর্মসূচীর আয়োজন করে জেলা কালচারাল অফিস। এতে ব্যানার ফেস্টুন নিয়ে কালচারাল অফিসের কর্মচারী, প্রশিক্ষক, শিল্পী ও সাংস্কৃতিক সংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়।
কর্মসূচীতে একাত্বতা ঘোষনা করেন এসময় বক্তব্য রাখেন, ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই, জেলা শিল্পকলা একাডেমীর এডহক কমিটির সদস্য অশোক ধর, একরামুল হক লিকু, সদর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিনসহ অন্যান্যরা।
এসময় বক্তারা বলেন, দেশীয় সাংস্কৃতির চর্চা, লালন ও বিকাশের লক্ষ্যে ১৯৭৪ সালে বাংলাদেশ শিল্পকলা একাডেমী প্রতিষ্ঠা করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সাংস্কৃতিক কর্মকান্ডে অভিজ্ঞতাসম্পন্ন মেধাবীরা এদেশের শিল্প-সংস্কৃতিকে ভালবেসে এই চাকুরীতে আসেন।
মেধাবী এই সন্তান খন্দকার রেদওয়ানা ইসলামমে নিমর্মভাবে হত্যা করা হয়েছে। এই ধরনের ঘৃণ্য কর্মকান্ডের প্রতিবাদ জানাচ্ছি। এর সাথে জড়িতদের দ্রুত শাস্তি হওয়া প্রয়োজন। সেই সাথে দেশের শিল্প সংস্কৃতির চর্চা অব্যাহত রাখতে এই কর্মকর্তাদের নিরাপত্তা ও চাকুরীর সুষ্ঠু পরিবেশ বজায় রাখা প্রয়োজন।
উল্লেখ্য, গত ২৭ মার্চ বিকেলে টাঙ্গাইলের মির্জাপুর কুমুদিনি হাসপাতালের একটি ভিআইপি কক্ষ থেকে টাঙ্গাইল জেলা শিল্পকলা

একাডেমীর কালচারাল অফিসার খন্দকার রেদওয়ানা ইসলামের লাশ উদ্ধার করা হয়। চিকিৎসাধীন অবস্থায় হত্যার অভিযোগ উঠেছে স্বামীর বিরুদ্ধে।

ঝিনাইদহে আমাদের সময় পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহে বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে আমাদের সময় পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।
এ উপলক্ষে গতকাল বুধবার সকাল ১১টার দিকে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।
আলোচনা সভায় প্রেসক্লাবের সভাপতি এম এ রায়হানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক মজিবর রহমান।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহিন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, নির্বাহী ম্যাজিষ্ট্রেট মোঃ শরিফুল হক, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা ও আমিনুল ইসলাম টুকু প্রমূখ । অনুষ্ঠানটি পরিচালনা করেন আমাদের সময় পত্রিকার ঝিনাইদহ জেলা প্রতিনিধি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ। এসময় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সম্মানিত সদস্যবৃন্দসহ নানা শ্রেনি পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

গাংনীর চাঁদপুর মাধ্যমিক

বিদ্যালয়ে নবনির্মিত ওয়াশ ব্লকের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ে আধুনিক সুযোগ সুবিধা সম্মত নবনির্মিত ওয়াশ ব্লক এর উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টার দিকে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবনির্মিত ওয়াশ ব্লক এর উদ্বোধন করেন।
ওয়াশ ব্লক উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে মীর হাবিবুল বাসার বলেন, ঋতুস্রাব বিষয়টি একসময় ট্যাবু বা নিষিদ্ধ বিষয় বলেই বিবেচিত হতো। তবে এখন শিক্ষাপ্রতিষ্ঠানেও বিষয়টি নিয়ে শিক্ষার্থীরা কথা বলছে। এই বিষয়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে নানান উদ্যোগ নেওয়া হয়েছে।
ঋতুস্রাবের কারণে দেশের ৪১ শতাংশ মেয়ে শিক্ষার্থী মাসে গড়ে প্রায় তিনদিন স্কুলে অনুপস্থিত থাকে। প্রায় ৯৯ শতাংশ শিক্ষার্থী এই সময়ে স্কুলে অস্বস্তিতে ভোগে যার কারণে লেখাপাড়া সহ স্কুলের অন্যান্য কার্যক্রমে পিছিয়ে পড়ছে। দেরিতে হলেও সরকারের চিন্তাভাবনা ঋতুস্রাব ব্যবস্থাপনার বিষয়টি গুরুত্ব পাওয়া শুরু করেছে।
ওয়াশ ইন ইন্সটিটিউশন প্রকল্পের আওতায় ওয়াটার এইড এর অর্থায়নে ও এসকেএস ফাউন্ডেশন এর তত্বাবধায়নে নবনির্মিত ওয়াশ ব্লক এর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ শহিদুল ইসলাম।
বিশেষ অতিথি হিসেবে গাংনী উপজেলা সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল কাশেম, সহকারি প্রোগ্রাম অফিসার মোঃ ইসরাফিল ইসলাম, এসকেএস ফাউন্ডেশনের (এ্যাকটিং প্রজেক্ট কো-অর্ডিনেটর) বসুদেব চন্দ্র সরকার, প্রজেক্ট অফিসার (সোশ্যাল) প্রকাশ কুমার বিশ^◌াস, (প্রজেক্ট অফিসার হাইজিন প্রমোশন) শারমিন বেগম সহ স্কুলের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।
নবনির্মিত ওয়াশ ব্লকে মেয়েদের জন্য আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা। টয়লেটে তাদের ব্যবহার্য উপকরণ পরিস্কার করার ব্যবস্থাসহ হাইজিন বক্স, সাবানদানি, কাপড় শুকানোর স্ট্যান্ড ও নিরাপদ পানির পর্যাপ্ত ব্যবহারের জন্য পানির ট্যাংক স্থাপন করা হয়েছে।

চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়সহ গাংনীতে মোট ৪টি ওয়াশ ব্লক নির্মাণ করা হয়েছে। মেহেরপুর জেলায় ২০২০-২১ অর্থবছর এসকেএস ফাউন্ডেশনের অর্থায়নে এই প্রকল্পের অধীনে ৫টি ওয়াশ ব্লক নির্মাণ করা হয়েছে। প্রতিটি ওয়াশ ব্লকের গড় ব্যায় ৬ লাখ ২০ হাজার টাকা। এতে ৪৯২৭ জন শিক্ষার্থী ওয়াশ সুবিধা পাচ্ছে।

চুয়াডাঙ্গায় আইনজীবীদের আদালত বর্জন অব্যাহত

চুয়াডাঙ্গায় দুই সপ্তাহ ধরে আদালত বর্জন কর্মসূচি পালন করে আসছেন আইনজীবীরা। ভারপ্রাপ্ত জেলা জজ মোহা. বজলুর রহমান, জেলা জজ আদালতের নাজির মাসুদুজ্জামান মাসুদ ও সেরেস্তা সহকারী জহুরুল ইসলামের আন্তঃজেলা বদলি ও শাস্তির দাবিতে চলছে এ কর্মসূচি।
আজ বৃহস্পতিবার থেকে নতুন কর্মসূচি দিয়ে আন্দোলন আরও কঠোর ও বেগবান করা হবে বলে জানান আইনজীবীরা।
চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন জানান, গত ১৮ মার্চ জেলা আইনজীবী সমিতির একটি প্রতিনিধি দল ভারপ্রাপ্ত জেলা জর্জ মোহা. বজলুর রহমানের সাথে আদালত পরিচালনার বিষয়ে সাক্ষাৎ করতে গেলে অপ্রীতিকর ঘটনা ঘটে। বিচারকের খাসকামরায় জজশিপের কর্মচারীরা আইনজীবীদের ওপর লাঠিসোঠা নিয়ে চড়াও হন।
এসময় আইনজীবীরাও লাঠিসোটা নিয়ে মারমুখী আচরণ করেন। এ ঘটনার পর ওইদিনই অনির্দিষ্টকালের জন্য আদালত বর্জনের কর্মসূচি শুরু করে জেলা আইনজীবী সমিতি। সাধারণ বিচার প্রার্থীরা চরম হয়রানি ও ভোগান্তির শিকার হচ্ছেন। কবে নাগাদ এর সুরাহা হবে তাও স্পষ্ট করে কেউ কিছু বলতে পারছে না।
অ্যাডভোকেট আলমগীর হোসেন আরো বলেন, ‘ভারপ্রাপ্ত জেলা জজ (অতিরিক্ত জেলা ও দায়রা জজ-১) মোহা. বজলুর রহমান, জেলা জজ আদালতের নাজির মাসুদুজ্জামান মাসুদ ও সেরেস্তা সহকারী জহুরুল ইসলামের আন্তঃজেলা বদলি ও শাস্তির দাবী জানাচ্ছি।
এ জেলা থেকে তাদের বদলি করে শাস্তি না দেয়া পর্যন্ত আমাদের আদালত বর্জন কর্মসূচি অব্যাহত থাকবে। একই সঙ্গে বৃহস্পতিবার আইনজীবী

সমিতির সাধারণসভার ডাক দেয়া হয়েছে। ওই সভা থেকে নতুন ও কঠোর কর্মসূচি দিয়ে আন্দোলন আরও বেগবান করা হবে।’

মুজিবনগরে জেলা জামায়াতের আমিরসহ ১৩ জন আটক

মেহেরপুরের মুজিবনগরে গোপন বৈঠক করার সময় মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজউদ্দীন খানসহ ১৩ জামায়াত কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। এদের মধ্যে ৮জন পুরুষ ও ৫ জন নারী কর্মী রয়েছে।
বৃহস্পতিবার সকাল ৭ টার দিকে মুজিবনগর উপজেলার শিবপুর মাদ্রাসার পাশে ফজলুল হক গাজীর বাড়ি থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে ৩ টা ককটেল, অসংখ্য জিহাদী বই ও ৫টি মোটর সাইকেল জব্দ করা হয়েছে বলে জানায় পুলিশ।
এছাড়া সরকার বিরোধী ষড়যন্ত্রমূলক গোপন সভা করার সময় তাদেরকে আটক করা হয়েছে বলে দাবি করেছে পুলিশ।
আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়ার মৃত,আবুল হোসেন খানের ছেলে মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজউদ্দীন খান(৪৮), দারিয়াপুর কাবারীপাড়ার মৃত সফল উদ্দীনের ছেলে জেলা জামায়াতের সমাজ কল্যান বিষয়ক সম্পাদক জারসিন হুসাইন(৬৭), গৌরিনগর মসজিদ পাড়ার সিরাজুল ইসলামের ছেলে জেলা জামায়াত ইসলামে তালিমুল কুরআন বিভাগের পরিচালক মশিউর রহমান(৬২), বিশ্বনাথপুর দক্ষিনপাড়ার মোজাম্মেল হকের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলামের আমির খানজাহান আলী(৩৫), বিশ্বনাথপুর মালু পাড়ার মৃত,আমানুল হকের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলামের সেক্রেটারী খায়রুল বাশার(৪২), দারিয়াপুর কান্দিপাড়ার চাদ আলীর ছেলে মুজিবনগর উপজেলা জামায়াতের ইসলাম দাওয়াত বিভাগের সেক্রেটারী ফিরাতুল ইসলাম(৪৫),শিবপুর উত্তরপাড়ার মৃত,ছাবেন উদ্দীন বিশ্বাসের ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলাম আদর্শ শিক্ষক পরিষদের সেক্রেটারী মোশারফ হোসেন(৪৬),শিবপুর মাদ্রাসা পাড়ার মৃত,কিয়ামুদ্দিন গাজীর ছেলে মুজিবনগর উপজেলা জামায়াত ইসলাম শ্রমিক কল্যান বিভাগের সেক্রেটারী ফজলুল হক গাজী।

নারী কর্মীরা হলেন, বিশ্বনাথপুর গ্রামের খাইরুল বাসারের স্ত্রী সাহেরা খাতুন(৩৮), বিশ্বনাথপুর গ্রামের খানজাহান আলীর স্ত্রী মমতাজ বেগম(৩৫), শিবপুর গ্রামের আসাদুল হকের স্ত্রী উম্মে হানি(৩৮), গোপালনগর গ্রামের মোশারফ হোসেন স্ত্রী রোকেয়া খাতুন(৪০),গৌরিনগর মসজিদপাড়ার মশিউর রহমানের স্ত্রী সেলিনা আক্তার(৪৫)।
মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হাসেম জানান, শিবপুর গ্রামের ফজলুল হক ফজু গাজির বাড়িতে গোপন সভা করছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় মুজিবনগর থানা পুলিশের একটি দল। সেখান থেকে বাড়ির মালিকসহ ১৩ জনকে আটক করা হয়। এদের মধ্যে জামায়াতের ৫ জন নারী কর্মীও রয়েছেন। তাদের কাছ থেকে ৩টি ককটেল, বিপুল সংখ্যক জিহাদী বই ও ৫টি মোটর সাইকেল উদ্ধার করে জব্দ দেখানো হয়েছে। আটক ১৩ নেতাকর্মীর নামে মামলা দেয়া হয়েছে। বিকালের দিকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে।

নগদ টাকা ও স্বর্ণালংকার নিয়ে বউ পালিয়ে যাওয়ার অভিযোগ

মেহেরপুরে নগদ টাকা ও স্বর্ণালংকার নিয়ে বউ পালিয়ে যাওয়ার অভিযোগ করেছে স্বামী বিপ্লব। গত ২৪ তারিখ মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রাম বিপ্লবের বাড়ি থেকে পালিয়ে যায় বলে জানিয়ে বিল্পব।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগও করেছে বিপ্লব। বিপ্লব মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের মনিরুলের ছেলে ও পেশায় একজন রাজমিস্ত্রী।

বিপ্লব জানান, গত ২৪ মার্চ আমরা স্ত্রী শারমিন খাতুন নগদ ২ লাখ টাকা ও স্বর্ণালংকার নিয়ে কাউকে কিছু না বলে চলে যায়। অনেক খুঁজাখুঁজির পরও তার সাথে যোগাযোগ করতে না পেরে থানায় অভিযোগ দিই।

এবিষয়ে শারমিনের পিতা শাহিনের সাথে মোবাইল ফোনে (০১৯২০৭৫৩৪৪৮) একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও সে ফোন রিসিভ করেনি।

এ বিষয়ে মুজিবনগর থানার এস আই আরিফ জানান, বিপ্লবের বউ চলে যাওয়া প্রসঙ্গে থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছে।

আমরা তাকে উদ্ধার করার চেষ্টা করছি। তবে ইতিমধ্যে শারমিন তার স্বামী বিপ্লবকে তালাক দিয়েছে বলে শোনা যাচ্ছে।

ঝড়ে পড়া শিশু শিক্ষার বিষয়ে গাংনীতে অবহিত করণ সভা

প্রাথমিক বিদ্যালয় থেকে ঝরে পড়া শিশুদের শিক্ষাদানের বিষয়ে মেহেরপুরের গাংনী উপজেলায় শুরু হচ্ছে আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ কর্মসুচী বাস্তবায়ন করছে। আজ বেলা ১১টায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সভা কক্ষে অবহিত করণ সভার মাধ্যমে প্রকল্পের বিভিন্ন দিক তুলে ধরা হয়।
অনুষ্ঠানে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা শিক্ষা অফিসারা আলাউদ্দীন। প্রকল্পের সার্বিক দিক তুলে ধরেন মউক নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।
অনুষ্ঠানে সরকারি কর্মকর্তা, প্রাথমিকের প্রধান শিক্ষক, কমিটির সদস্য ও সাংবাদিকসহ বিভিন্ন পেশার মানুষ অংশ গ্রহণ করেন।

গাংনীর প্রয়াত ইউপি সদস্য সুন্নত মোল্লার রুহের মাগফেরাত কামনায় দোয়া

গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য সুন্নাত মোল্লার রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে বামুন্দি ইউনিয়ন পরিষদ হল রুমে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পরিষদ আয়োজিত অনুষ্ঠানে ইউপি সদস্য মরহুম সুন্নাত মোল্লার স্মুতিচারণ মুলক বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস। এসময় ইউপি সদস্যবৃন্দ,ইউপি সচিব মনিরুল ইসলামসহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। দোয়া পরিচালনা করেন বামুন্দি জামে মসজিদের ঈমাম মওঃ কিতাব আলী।
উল্লেখঃ গত ২৮ মার্চ অসুস্থতা জনীত কারনে ইউপি সদস্য সুন্নত মোল্লা ইন্তোকাল করেন। এসময় তার বয়স হয়েছিল ৭০ বছর।